



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: www.bb.org.bd

১৫ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখঃ

২৯ মে ২০২২

ডিএফআইএম সার্কুলার নং-০৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবের নথি যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

বিতরণকৃত ঋণ/লিজ/বিনিয়োগের তদারকি, ঋণের অর্থ আদায়ে জটিলতা দেখা দিলে আইনি ব্যবস্থা গ্রহণ এবং বিতরণ পরবর্তীকালে ঋণ/লিজ/বিনিয়োগ বিতরণ সংক্রান্ত অভিযোগের তদন্ত/নিরীক্ষা কার্যক্রম সম্পাদন ইত্যাদি কাজে ঋণের নথি ঋণ বিতরণকারী সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানে যথাযথভাবে সংরক্ষিত থাকা অত্যাবশ্যিক। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন আর্থিক প্রতিষ্ঠান ঋণ/লিজ/বিনিয়োগের নথি যথাযথভাবে সংরক্ষণ না করার ফলে নানাবিধ জটিলতার সৃষ্টি হচ্ছে। বর্ণিত প্রেক্ষাপটে ঋণের নথি যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করণার্থে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- ১) প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান বিতরণকৃত ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবের আবেদন, ঋণ প্রস্তাব মূল্যায়ন, অনুমোদন, নবায়ন, পুনঃতফসিল/পুনর্গঠন, ঋণ অবলোপন, সুদ/মুনাফার অর্থ মওকুফ ইত্যাদির জন্য পর্যদ সভায় উপস্থাপিত স্মারক ও সভার সিদ্ধান্ত/কার্যবিবরণীর কপি ও ঋণের হিসাব বিবরণী সংশ্লিষ্ট ঋণ/লিজ/বিনিয়োগ আদায়ের মাধ্যমে সমন্বয় না হওয়া পর্যন্ত যথাযথভাবে সংরক্ষণ করবে।
- ২) ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা ও তদূর্ধ্ব অংকের ঋণ/লিজ/বিনিয়োগের ক্ষেত্রে উপরোক্ত ১ নং অনুচ্ছেদে বর্ণিত দলিলাদির কপি যে শাখার মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে সে শাখা ছাড়াও অন্যান্য একটি বিকল্প শাখা অফিস/প্রধান কার্যালয়ে সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ৩) ঋণ/লিজ/বিনিয়োগের নথির ছায়ালিপি সংরক্ষণে Digital মাধ্যমও ব্যবহার করা যাবে। তবে, সেক্ষেত্রে Digital ছায়ালিপির যথাযথ Backup সংরক্ষণে ডিএফআইএম সার্কুলার নং-১১/২০১৫ এর মাধ্যমে জারিকৃত গাইডলাইন ও সার্কুলার লেটার নং-১৭/২০২১ এর নির্দেশনা পরিপালন নিশ্চিত করতে হবে।
- ৪) বিতরণকৃত ঋণ/লিজ/বিনিয়োগের নথি বর্ণিত নীতিমালা অনুযায়ী যথাযথভাবে সংরক্ষিত আছে কি-না তা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষার মাধ্যমে ত্রৈমাসিক (৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর ও ৩১ ডিসেম্বর) ভিত্তিতে যাচাইপূর্বক নিরীক্ষা প্রতিবেদন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে উপস্থাপন করতে হবে। উক্ত নিরীক্ষায় ঋণ/লিজ/বিনিয়োগ হিসাবের নথি যথাযথভাবে সংরক্ষণে কোন অনিয়ম পাওয়া গেলে নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপিত হওয়ার ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রধান নির্বাহী কর্মকর্তা বাংলাদেশ ব্যাংকে অবহিত করবেন।
- ৫) এ নীতিমালা জারি হওয়ার পর তা পরিপালনার্থে আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিচালনা পর্যদের বিশেষ সভা আহ্বান করে পরিপালন প্রক্রিয়া নির্ধারণপূর্বক পরিপালনের অগ্রগতি ০৩(তিন) মাসের মধ্যে এ বিভাগকে অবহিত করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮